

AKASHVANI(Kolkata)
Regional News Unit

Date: 03-12-2025

Desk inCharge : Kalyan L.

Time: 1-40 PM

Compiling : Sudip B.

DEO : KB

NRT : Sudip Basu

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

বিশেষ বিশেষ খবরঃ-

১/ রাজ্য প্রাথমিকে ৩২ হাজার শিক্ষক নিয়োগ মামলায় আজ রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্ট।

২/ ২০১৬ সালের গ্রন্তি-সি এবং গ্রন্তি-ডি-র আনটেন্টেড বা যোগ্যদের তালিকা আট'ই ডিসেম্বরের মধ্যে বিস্তারিত তথ্য সহ SSC-কে প্রকাশ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিন্হা।

৩/ বিধায়ক ভূমায়ন কর্মীরের সাম্প্রতিক মন্তব্যের প্রেক্ষিতে রাজ্যপাল সি ভি আনন্দ বোস রাজ্যে আইন শুঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কায় প্রয়োজনে গ্রেপ্তারীর নির্দেশ দিয়েছেন।

৪/ ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর কাজের সঙ্গে নিযুক্ত স্পেশাল রোল অবসার্তার এবং পর্যবেক্ষকরা আজ দুই বর্ধমান ও বীরভূমে বৈঠক করছেন।

৫/ নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ স্বাধীনতা সংগ্রামী তথা স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্র প্রসাদের জন্মদিনে তাঁর প্রতি শন্দো নিবেদন করা হচ্ছে।

স্বাধীনতা আন্দোলনে শহীদ বীর বিপ্লবী ক্ষুদ্রিম বসুর আজ জন্মদিন।

৬/ রাজ্যে আগামী কয়েকদিন তাপমাত্রার পারদ তিন থেকে চার ডিগ্রি কমবে।

প্রাথমিকে ৩২ হাজার শিক্ষক নিয়োগ মামলায় আজ রায় ঘোষণা করবে কলকাতা হাইকোর্ট। বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি ঋতুবৰ্ত কুমার মিত্রের ডিভিশন বেঞ্চ দুপুর ২'টোয় রায় ঘোষণা করবেন।

গত ১২ই নভেম্বর এই মামলার শুনানি শেষে রায়দান স্থগিত রাখেন দুই বিচারপতির বেঞ্চ। ২০১৪ সালের টেটের ভিত্তিতে ২০১৬ সালে প্রাথমিকে ৪২ হাজার ৫০০-র বেশি শিক্ষক নিয়োগ হয়। এরপর অনিয়মের অভিযোগ ওঠায় ২০২৩ সালে কলকাতা হাইকোর্টের তৎকালীন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় প্রশিক্ষণহীন ৩২ হাজার শিক্ষকের চাকরি বাতিলের নির্দেশ দেন। সেই রায়কে চ্যালেঞ্জ জানিয়ে ডিভিশন বেঞ্চে যায় প্রাথমিক শিক্ষা পর্ষদ ও চাকরি হারানোদের একাংশ। তৎকালীন বিচারপতি সুব্রত তাঙ্গুকদার এবং বিচারপতি সুপ্রতিম ভট্টাচার্যের ডিভিশন বেঞ্চ, একক বেঞ্চের চাকরি বাতিলের নির্দেশের উপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়ে ফের পরীক্ষা নেওয়ার কথা বলেন। এরপর সুপ্রিমকোর্ট ঘূরে মামলা ফেরত আসে কলকাতা হাইকোর্টে।

২০১৬ সালের গ্রুপ-সি ও গ্রুপ-ডির 'আনটেন্টেড' বা যোগ্যদের তালিকা ৮ই ডিসেম্বরের আগে বিস্তারিত তথ্য সহ SSC-কে প্রকাশ করার নির্দেশ দিয়েছেন বিচারপতি অমৃতা সিনহা। সুপ্রিমকোর্টের নির্দেশে চাকরি হারানো প্রত্যেক যোগ্য প্রার্থী যাতে নতুন পরীক্ষায় আবেদনের সুযোগ পায় তা সুনিশ্চিত করতেই এই তালিকা প্রকাশের নির্দেশ।

রাজ্যপাল সিভি আনন্দ বোস মুর্শিদাবাদের ভরতপুরের তৃণমূল কংগ্রেস বিধায়ক হৃমায়ুন কবীরের সাম্প্রতিক মন্তব্য ও ঘোষণা নিয়ে রাজ্যে আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হওয়ার আশঙ্কায় আগাম পদক্ষেপের নির্দেশ দিয়েছেন। লোকভবন সূত্রে জানা গিয়েছে, এ বিষয়ে পদক্ষেপ করার পরামর্শ নিয়ে রাজ্য সরকারকে ইতিমধ্যেই চিঠি ও

পাঠিয়েছেন তিনি। ভূমায়ুন কবীরের বক্তব্য বা পরবর্তী পদক্ষেপে আইনশৃঙ্খলার অবনতি হলে তাকে সতর্কতামূলকভাবে গ্রেপ্তার করা যেতে পারে বলেও রাজ্যপাল জানিয়েছেন। রাজ্য প্রশাসন ব্যবস্থা না নিলে তিনি নিজেই প্রয়োজনীয় পদক্ষেপ করবেন বলেও চিঠিতে জানিয়েছেন তিনি।

ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনীর কাজের জন্য নিযুক্ত স্পেশাল রোল অবসার্ভার সুব্রত গুপ্ত, বিভিন্ন জেলা সফর করছেন। আজ দুই বর্ধমান ও বীরভূমের জেলা শাসকদের সঙ্গে SIR প্রক্রিয়ার অগ্রগতি নিয়ে বৈঠক করবেন তিনি। তাঁর সঙ্গে রয়েছেন ওই তিন জেলার অবসার্ভার স্থিতা পাণ্ডে। ওই বৈঠকে বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিরাও যোগ দিচ্ছেন বলে জানা গেছে।

বুথ লেভেল অফিসার BLO-রা আজ থেকে যে সব এন্যুমারেশন ফর্ম সংগ্রহ করবেন, সেগুলি দৈনিক ভিত্তিতে আপলোড করতে হবে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল নির্দেশ দিয়েছেন। রাজ্যের সমস্ত নির্বাচন নিবন্ধন আধিকারিক বা ERO-দের লেখা এক চিঠিতে শ্রী আগরওয়াল জানিয়েছেন, এনিউমারেশন পর্বের সময়সীমা বাড়ায় তারা খসড়া ভোটার তালিকা আরো নিভুলভাবে প্রকাশ করার সুযোগ পেয়েছেন। ১১ই ডিসেম্বরের মধ্যে যেসব ফর্ম জমা পড়বে না, সেগুলিকে ‘আনকালেক্টেবল’ হিসেবে গণ্য করা হবে এবং সেই স্টেটাস পোর্টালেও প্রতিফলিত হবে। এই সময়ের মধ্যে কোথাও অস্থায়ী কর্মী ডেটা এন্ট্রি করেছেন কি না, তাও খতিয়ে দেখতে হবে। কোনও ক্রটি ধরা পড়লে তার দায় বহন করতে হবে সংশ্লিষ্ট BLO-কে।

নির্বাচনের আগে রাজ্যের সীমান্তবর্তী এলাকাগুলির নিরাপত্তার দিকটি খতিয়ে দেখতে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল, পুলিশ এবং BSF-এর আধিকারিকদের সঙ্গে বৈঠকে বসবেন।

কমিশন সূত্রে জানা গেছে, আগামী ১১'ই ডিসেম্বর কলকাতার CEO দপ্তরে এই বৈঠকে রাজ্য পুলিশের ডিজি, সিপি ছাড়াও পুলিশ প্রসাশনের ২৫ টি বিভাগের শীর্ষ আধিকারিকরা উপস্থিত থাকবেন। BSF আধিকারিকরাও ওই বৈঠকে যোগ দেবেন বলে জানা গেছে।

রাজ্যের অন্যান্য জেলার সঙ্গে মুর্শিদাবাদে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনের কাজ এগিয়ে চলেছে। জেলায় মোট ভোটারের সংখ্যা ৫৭ লক্ষ ৬৪ হাজারের কিছু বেশি, তার মধ্যে প্রায় ৯০ শতাংশ এনুমারেশন ফর্ম ইত্তর্মধ্যেই সংগ্রহ করে আপলোড করা হয়ে গেছে বলে জেলা প্রশাসন সূত্রে খবর। SIR-এর সময়সীমা এবং বুথ লেভেল আধিকারিকদের সাম্মানিক বৃদ্ধি পাওয়ায় সন্তোষ প্রকাশ করেছেন অনেক বিএলও। মুর্শিদাবাদের রানীনগর বিধানসভার ৮০ নম্বর বুথের বিএলও আবু রাকেশ সিদ্দিকির সঙ্গে কথা বলেছেন আমাদের জেলা সংবাদদাতা মামুন ফারুক।

(বাইট- আবু রাকেশ)

বাংলাদেশী এক নাবালিকাকে বিয়ে করে চোরা পথে এদেশে নিয়ে আসার অভিযোগে এক বিজেপি কর্মীকে গ্রেপ্তার করেছে পুলিশ।

জানা গেছে, উত্তর ২৪ পরগণা জেলার হাবরার কুমড়া গ্রাম পথগায়েতের টুনিঘাটা এলাকায় বিশ্বজিত বাগচী নামে ওই বিজেপি কর্মী মাস দুয়েক আগে বাংলাদেশের গোপালগঞ্জের বাসিন্দা ওই নাবালিকাকে মাস দুয়েক আগে বিয়ে করেন। চলতি বছরের নভেম্বরের ১০ তারিখ পেট্রোপোল বর্ডার এলাকা থেকে ওই নাবালিকা

অবৈধভাবে ভারতে ঢোকে বলে অভিযোগ। গোপন খবরের ভিত্তিতে হাবরা থানার পুলিশ টুনিঘাটার বাড়ি থেকে বিশ্বজিতকে গ্রেপ্তার করে। আটক করা হয় নাবালিকাকেও। তাঁকে একটি হোমে পাঠানো হয়েছে বলে জানা গেছে।

উত্তরবঙ্গ সফরে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ মালদার গাজলে একটি জনসভায় বক্তব্য রাখবেন। একটি পদযাত্রাতেও অংশ নেন তিনি। আগামীকাল মুর্শিদাবাদের বহরমপুরে জনসভা ছাড়াও প্রশাসনিক বৈঠকের কর্মসূচি রয়েছে মুখ্যমন্ত্রীর।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, ভগুলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে।

আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।

আকাশবাণী কলকাতার দুপুর ১.৪০-এর স্থানীয় সংবাদের সময়সীমা ৫ মিনিট থেকে বেড়ে হচ্ছে ১০ মিনিট। আজ থেকেই তা শোনা যাবে।

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ স্বাধীনতা সংগ্রামী, স্বাধীন ভারতের প্রথম রাষ্ট্রপতি ডক্টর রাজেন্দ্র প্রসাদের ১৪১-তম জন্মদিনে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করা হচ্ছে। স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়ে ডক্টর রাজেন্দ্র প্রসাদ, গান্ধীজীর সান্নিধ্য লাভের পর যোগ দেন অসহযোগ আন্দোলনে। তাঁর জন্মদিন উপলক্ষ্যে আজ প্রদেশ কংগ্রেসের তরফ থেকে শ্রদ্ধা নিবেদন করা হচ্ছে।

স্বাধীনতা আন্দলনে শহীদ বীর বিপ্লবী ক্ষুদিরাম বসুর আজ জন্মদিন। স্বেরাচারী ইংরেজ শাসনের বিরুদ্ধে ১৮ বছরের এই তরুণ স্বাধীনতা আন্দোলনে যোগ দিয়ে আত্মবলীদান দেন। এরাজ্যের বিভিন্ন প্রান্তে নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে বিপ্লবী ক্ষুদিরাম বসুকে স্মরণ করা হচ্ছে। বিভিন্ন সংগঠনের তরফ থেকে কলকাতা হাইকোর্টের কাছে ক্ষুদিরামের মূর্তিতে মালা দিয়ে শ্রদ্ধা জানানো হয়। রাজ্য সরকার যথোচিত মর্যাদায় দিনটি পালন করছে। সামাজিক মাধ্যমের এক পোস্টে তাঁর প্রতি শ্রদ্ধা জ্ঞাপন করেছেন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী। পশ্চিম মেদিনীপুরের কেশপুর ব্লকের মোহবনী গ্রামে ক্ষুদিরাম বসুর পৈত্রিক ভিটে ছাড়াও, হবিবপুরে তাঁর জন্মভূমিতে আয়োজন করা হয়েছে বিভিন্ন অনুষ্ঠানের।

নানা অনুষ্ঠানের মধ্যে দিয়ে আজ আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস পালিত হচ্ছে। এবার দিনটি পালনের মূল ভাবনা : ‘বিশেষভাবে সক্ষমদের সমাজে সক্রিয় অন্তর্ভুক্তির মাধ্যমে সামাজিক অগ্রগতি নিশ্চিত করা’ (Fostering disability inclusive societies for advancing social progress)

এই উপলক্ষে আজ উত্তর ২৪ পরগণার বনভুগলিতে ন্যাশনাল ইনসিটিউট ফর লোকোমোটর ডিসঅ্যাবিলিটিজ-এ সাংস্কৃতিক অনুষ্ঠান, বসে আকো প্রতিযোগিতা ও বিভিন্ন খেলাধুলার আয়োজন করা হয়েছে। বিশেষভাবে সক্ষম বহু মানুষ এতে অংশ নেবেন।

গোলপার্ক রামকৃষ্ণ মিশনে গণ উন্নয়ন পর্ষদ এবং দৃষ্টিহীন শিল্পীদের সংগীত সংগঠন থির বিজুরি'র ঘোথ উদ্যোগে বিশেষভাবে সক্ষম মানুষদের জন্য বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বিশেষভাবে সক্ষমদের জীবনযাত্রার মানোন্নয়নে রাজ্য সরকার তাঁদের দক্ষতা বৃদ্ধি করে কর্ম সংস্থানের জন্য বিশেষ পদক্ষেপ নিচ্ছে বলে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী জানিয়েছেন। আন্তর্জাতিক দিব্যাঙ্গ দিবস উপলক্ষ্যে আজ সামাজিক মাধ্যমে তিনি সেইসব মানুষজনের নিরাপত্তায় রাজ্য সরকার যে সামাজিক সুরক্ষা প্রকল্পগুলি চালু করেছে, সেগুলির কথাও উল্লেখ করেন।

উত্তর ২৪ পরগণার কাঁকুড়গাছি-তে বাবার সঙ্গে স্কুলে যাবার পথে লরির ধাক্কায় পথওম শ্রেণীর এক ছাত্র গুরুতর জখম হয়েছে। বেঙ্গল কেমিক্যালের কাছে আজ সকালে এই দুঃঘটনা ঘটে। বিধান নগর স্কুলের পথওম শ্রেণীর ওই ছাত্রটি বাবার বাইকে যাবার সময় একটি দ্রুতগতির লরি বাইকের পেছনে ধাক্কা দেয়। ছাত্রটি বাইক থেকে পড়ে গেলে, লরির চাকা তার পায়ের ওপর দিয়ে চলে যায়। গুরুতর জখম অবস্থায় তাকেও হাসপাতালে ভর্তি করা হয়েছে।

কলকাতার ব্রিগেডে পাঁচ লক্ষ কষ্টে গীতা পাঠের অঙ্গ হিসেবে গত সন্ধ্যায় বাঁকুড়ার বিষ্ণুপুর রবীন্দ্র স্ট্যাচুর মোড়ে গীতা পাঠের অনুষ্ঠান আয়োজিত হয়। সনাতন ঐক্য মধ্যের উদ্যোগে ওই অনুষ্ঠানে মানুষের অংশ গ্রহণ ছিল চোখে পড়ার মতো। আয়োজকদের দাবী, এই ধরণের উদ্যোগগুলি মানুষের মধ্যে আরো উৎসাহ ও ধর্মীয় অনুভূতি জাগ্রত করবে।

কলকাতায় আজ সর্বনিম্ন তাপমাত্রা গতকালের তুলনায় কিছুটা কমেছে।

সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৭.৭ সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে এক ডিগ্রি বেশি। আগামী ৩-৪ দিনে ধীরে ধীরে তাপমাত্রা কমবে। উত্তরবঙ্গে দুই

থেকে তিন ডিগ্রি এবং দক্ষিণবঙ্গে তিন থেকে চার ডিগ্রি তাপমাত্রা হ্রাস
পাওয়ার সম্ভাবনা।

আগামীকাল গাঙ্গেয় পশ্চিমবঙ্গের জেলাগুলিতে সকালের দিকে কুয়াশা থাকবে। যার
ফলে দৃশ্যমানতা কিছুটা কমবে বলে আলিপুর আবহাওয়া দণ্ডের জানিয়েছে।

আবহাওয়া দণ্ডের পূর্বাঞ্চলীয় প্রধান হবিবুর রহমান জানালেন-

(বাইট- হবিবুর)
